



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-II Examination, 2019



বাংলা

ত্রুটীয় পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রাঞ্চিক সীমার মধ্যে সংখ্যাতি পূর্ণমান নির্দেশ করে।
পর্যাঙ্গস্থায়োনিজের ভাষায় যথা সম্ভব শব্দসৌমার মধ্যে উভয় করিবে।

১। মিশ্র কলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তান - প্রধান) ছন্দের স্বরূপ উদাহরণসহ বুঝিয়ে দাও।

১২

অথবা

টাকা লেখোঁ (যে-কোনো তিনটি)

$8 \times 3 = 12$

পর্ব, ছত্র, সন্দেশ, মহাপ্যার, যতিলোপ।

২। নিম্নলিখিত যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করোঁ:

$8 \times 2 = 8$

(ক) শিবঠাকুরের আপন দেশে,

আইন কানুন সর্বনেশে।

কেউ যদি যায় পিছলে প'ড়ে,

প্যায়দা এসে পাকড়ে থরে,

কাজির কাছে হয় বিচার -

একুশ টাকা দণ্ড তার।

(খ) তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ

তাই তব জীবনের রথ

পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার

বারংবার

তাই

চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথো নাই।

(গ) ছিনু মোরা, সুলোচনে, গোদাবরী তীরে,

কপোত-কপোতী যথা উচ্চ বৃক্ষ চূড়ে

বাঁধি নীড়, থাকে সুখে।

(ঘ) ভুবনে জ্যজ্য নিতাই দয়াময় হরয়ে ভবভয় নিজগুণে।

অধম দূরগত তাহারে উন্মত করই অবিরত প্রেমদানে॥

৩। উপমা অলংকার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলংকারের বিভাগগুলি আলোচনা করো।

১২

অথবা

যে-কোনো তিনটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করোঃ
শ্লেষ, অপহৃতি, সমাসোভি, বক্রেভি, ব্যতিরেক, দৃষ্টান্ত।

$8 \times 3 = 12$

৪। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করোঃ

$8 \times 2 = 8$

- (ক) বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়;
অসংখ্য বন্ধন মাঝে মহাবন্ধনয়
লভিব মুক্তির স্বাদ।
- (খ) কেড়ে রেখেছিনু বক্ষে তোমার কমল কোমল পানি।
- (গ) জ্যোৎস্নাতরী বেয়ে তুমি
ধরার ঘাটে কে আজ এলে ?
- (ঘ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাই আর।
- (ঙ) লুটায় মেখলাখানি ত্যজি কঢ়িদেশ
মৌন অপমানে।

৫। বৈষ্ণব-পদাবলী সাহিত্যে ‘মাথুর’ পর্যায়ের গুরুত্ব কতখানি ? এই শ্রেণির পদের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে লেখো।

$5+10$

অথবা

‘প্রার্থনা’ ও ‘নিবেদন’ পর্যায়ের পদগুলি কি সমজাতীয় ? বিশ্লেষণসহ উভয়পদের বৈশিষ্ট্য নির্ণয় করো।

$5+10$

৬। “আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসিকামায় ভরা গার্হিষ্যের মর্মস্পর্শী রূপ।” — আলোচনা করো।

১৫

অথবা

“শান্ত কবিমাত্রেই ভক্ত তবুও তাঁদের কোনো কোনো পদে মাতৃচরণে কবির খেদ ও অনুযোগের প্রকাশ ঘটেছে।” – “ভক্তের আকৃতি” পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে এই মানসিক অবস্থার তাংপর্য বিশ্লেষণ করো।

১৫

৭। মুকুল চক্রবর্তীর ‘চন্দীমঙ্গল’ কাব্যের ‘গ্রহোৎপত্তির কারণ’ অংশে দেকালের সমাজ-বাস্তবতার যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।

১৫

অথবা

‘বণিকসহ কালকেতুর কথোপকথন’ ও ‘কালকেতুর অঙ্গুরী বিক্রয়’ অংশ অবলম্বনে মুরারি শীল চরিত্রটির পরিচয় দাও।

১৫